

🗏 আল-হজ্জ | Al-Hajj | ٱلْحَجّ

আয়াতঃ ২২:৫৮

া আরবি মূল আয়াত:

وَ الَّذِينَ هَاجَرُوا فِي سَبِيلِ اللهِ ثُمَّ قُتِلُوا اَو مَاتُوا لَيَرزُقَنَّهُمُ اللهُ رِزقًا حَسَنًا اَ وَ إِنَّ اللهَ لَهُوَ خَيرُ الرِّزقِينَ ﴿ ٥٨﴾

আর যারা আল্লাহর পথে হিজরত করে, অতঃপর নিহত হয় কিংবা মারা যায়, তাদেরকে অবশ্যই আল্লাহ উত্তম রিক্ষ দান করবেন। আর নিশ্চয় আল্লাহই সর্বোৎকৃষ্ট রিক্ষদাতা। — আল-বায়ান

আর যারা আল্লাহর পথে হিজরাত করেছে, অতঃপর নিহত হয়েছে, কিংবা মারা গেছে, আল্লাহ তাদেরকে অবশ্য অবশ্যই উৎকৃষ্ট রিযক্ দান করবেন, আর আল্লাহ- তিনি তো সর্বোত্তম রিযক্দাতা। — তাইসিরুল

আর যারা হিজরাত করেছে, আল্লাহর পথে নিহত হয়েছে অথবা মৃত্যু বরণ করেছে, তাদেরকে আল্লাহ অবশ্যই উৎকৃষ্ট জীবিকা দান করবেন; এবং আল্লাহ তিনিইতো সর্বোৎকৃষ্ট রিক্ষদাতা। — মুজিবুর রহমান

And those who emigrated for the cause of Allah and then were killed or died - Allah will surely provide for them a good provision. And indeed, it is Allah who is the best of providers. — Sahih International

৫৮. আর যারা হিজরত করেছে আল্লাহর পথে, তারপর নিহত হয়েছে অথবা মারা গেছে, তাদেরকে আল্লাহ অবশ্যই উৎকৃষ্ট জীবিকা দান করবেন; আর নিশ্চয় আল্লাহ, তিনি তো সর্বোৎকৃষ্ট রিযিকদাতা।

তাফসীরে জাকারিয়া

- (৫৮) যারা হিজরত করেছে আল্লাহর পথে এবং পরে (শত্রুর হাতে) নিহত হয়েছে অথবা মৃত্যুবরণ করেছে[1] তাদেরকে আল্লাহ অবশ্যই উৎকৃষ্ট জীবিকা দান করবেন। [2] আর নিশ্চয় আল্লাহ; তিনিই তো সর্বোৎকৃষ্ট রুযীদাতা।[3]
 - [1] অর্থাৎ, সেই হিজরতের অবস্থায় যদি মারা গেছে অথবা শহীদ হয়ে গেছে।
 - [2] অর্থাৎ, জান্নাতের নিয়ামত; যা না শেষ হবে, না ধ্বংস।
 - [3] কারণ তিনি বিনা হিসাবে, বিনা অধিকারে এবং বিনা চাওয়ায় রুখী দিয়ে থাকেন। তাছাড়া মানুষ এক অপরকে





যা দিয়ে থাকে তাও আল্লাহরই দেওয়া। সেই কারণে আসল ও উৎকৃষ্ট রুষীদাতা তিনিই।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2653

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন